



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৬৭.১৭- ৩৬২


তারিখঃ ০৬/৬/২০১৭ খ্রিঃ

জনাব আসমা বেগম  
মাঠ সংগঠক (ইরেসপো), বিআরডিবি,  
উপজেলাঃ আমতলী, জেলাঃ বরগুনা।

বিষয়ঃ মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের কারণে সতর্কীকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের বরগুনা জেলার আমতলী উপজেলায় সংগঠিত বিভিন্ন অনিয়মসহ মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক গঠিত তদন্ত কমিটি সরেজমিনে তদন্ত করেন। কমিটির দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় আপনার পরিচালনাধীন সমিতিসমূহে সর্বমোট ৫৬৬০২৫/- টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ রয়েছে। এতে প্রতীয়মান হয় আপনি দায়িত্বে অবহেলা করে যথাযথভাবে সমিতি পরিদর্শন করছেন না এবং সমিতিসমূহে ঋণ কার্যক্রম পরিচালনায় অপারদর্শী ও অদক্ষ।

এমতাবস্থায়, কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে ভবিষ্যতের জন্য সতর্ক করে শতভাগ মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ের জন্য আগামি জুলাই/২০১৭ খ্রিঃ পর্যন্ত সময় প্রদান করা হলো; ব্যর্থতায় দায়িত্বে অবহেলাসহ প্রকল্পের ঋণ কার্যক্রম পরিচালনায় অপারদর্শী ও অদক্ষ বিবেচনা করে আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
মোহাম্মদ মহিদুর রহমান মৌল্লা  
উপপ্রকল্প পরিচালক  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ আমতলী, জেলাঃ বরগুনা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ আমতলী, জেলাঃ বরগুনা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বরগুনা।
৫. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।